

২১ আগস্ট হত্যাকাণ্ড চালিয়ে বিএনপি-জামায়াত আবার মানবতার কথা বলে-নৌপরিবহন প্রতিমন্ত্রী


বোচাগঞ্জ (দিনাজপুর) ২১ আগস্ট ২০২২

নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী এম.পি বলেছেন, ২১ আগস্ট আমাদের নেত্রীকে হত্যা করার চেষ্টা করা হয়েছিল। এত অমানবিকতার বিরুদ্ধেও আমরা কখনও অমানবিক আচরণ করি নাই। আমরা কখনো মানবতার বিরুদ্ধে যাই নাই। আমরা বাংলাদেশকে একটি মানবিক রাষ্ট্র বানাতে চেয়েছি। ২১ আগস্ট হত্যাকাণ্ড চালিয়ে বিএনপি-জামায়াত আবার মানবতার কথা বলে। ২০০১ সালের নির্বাচনের পর আপনারা আওয়ামী লীগের নেতাকর্মীদের হত্যা করেছেন। গুম করেছেন, সনাতন ধর্মের সম্প্রদায়ের উপর অত্যাচার করেছেন। আবার আপনারা মানবতা শিখাতে আসেন। আহসানউল্লাহ মাষ্টারকে পাখির মতো গুলি করে হত্যা করে আপনারা মানবতার কথা বলেন। এস এম কিবরিয়াকে গুলি করে হত্যা করে আপনারা মানবতার কথা বলেন। খেনেড হামলা করে নারী নেত্রী আইভি রহমান সহ ২৪ জনকে হত্যা করে আপনারা মানবতার কথা বলেন। সে সব কথা বাংলার মানুষ ভুলে যায় নাই। শায়েখ আব্দুর রাজ্জাক ও বাংলা ভাইকে দিয়ে আপনারা জঙ্গীবাদ কায়েম করতে চেয়েছিলেন। কিন্তু বাংলার মানুষ আপনারদের সে সমস্ত ষড়যন্ত্র নস্যাত করে দিয়েছে।

প্রতিমন্ত্রী আজ দিনাজপুরের বোচাগঞ্জস্থ কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণে ২১শে আগস্ট নারকীয় খেনেড হামলার প্রতিবাদে বোচাগঞ্জ উপজেলা আওয়ামী লীগ আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন।

বোচাগঞ্জ উপজেলা আওয়ামী লীগের সভাপতি আবু সৈয়দ হোসেন এর সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন বোচাগঞ্জ উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মো. আফছার আলী, বোচাগঞ্জ উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুস সবুর, মো. নাঈম শাহ, সেতাবগঞ্জ পৌরসভার মেয়র মো. আসলাম, উপজেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক সহকারী অধ্যাপক আবু তাহের মো. মামুন, অধ্যক্ষ সুব্রত কুমার অধিকারি, মো. শামিম আজাদ, পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মো. নুর আলম খন্দকার কাওসার প্রমুখ।

প্রতিমন্ত্রী বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সপরিবারে হত্যা করার পর এদেশে কোন আইনের শাসন ছিলনা। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশে আইনের শাসন প্রতিষ্ঠা হয়েছে। ২০১৪ সাল থেকে সাংবিধানিক ধারাবাহিকতা চলছে। প্রত্যেক ধর্মের মানুষের মৌলিক অধিকার প্রতিষ্ঠিত হয়েছে। সম অধিকার নিশ্চিত করা হয়েছে। মৌলিক অধিকার প্রতিষ্ঠা করা হয়েছে।


মো. জাহাঙ্গীর আলম খান
সিনিয়র তথ্য অফিসার
নৌপরিবহন মন্ত্রণালয়
০১৭১১৪২৫৩৬৪